বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড
Connecting Worlds for Enriching Lives
১১৬ কাজী নজরুল ইসলাম অ্যাভিনিউ, ঢাকা-১০০০
www.bscl.gov.bd
----

**নম্বর: ১৪.৩৯.০০০০.০০০.০০৫.০৪.০০৩৩.২৩.২৯**

তারিখ: ২৪ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৯ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

# বিজ্ঞপ্তি

## বিষয়: প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল)-এর প্যানেল আইনজীবী নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, ও অন্যান্য শর্তানুযায়ী আগ্রহী আইনজীবীগনের নিকট হতে আবেদনপত্র আহবান করা হচ্ছে:

<table>
<tr><th>পদের নাম</th><th>শিক্ষাগত যোগ্যতা</th><th>অভিজ্ঞতা</th></tr>
<tr><td>প্যানেল আইনজীবী:<br>বিজ্ঞ জেলা ও দায়রা জজ আদালত, বিজ্ঞ সিএমএম/ সিজিএম আদালত<br>(পদসংখ্যা- ২জন)</td><td rowspan="2">উভয় পদের জন্য প্রযোজ্য:<br>১। প্রার্থীকে আইন বিষয়ে নূন্যতম এল.এল.বি (স্নাতক) এবং এল.এল.এম (স্নাতকোত্তর)/ বার-এ্যাট-ল ডিগ্রীধারী হতে হবে।<br>২। বাংলাদেশ বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত সনদ থাকতে হবে।</td><td>১। 'ঢাকা বার অ্যাসোসিয়েশন' -এর সদস্য হওয়া আবশ্যক।<br>২। বিজ্ঞ জেলা ও দায়রা জজ আদালত, বিজ্ঞ সিএমএম/ সিজিএম আদালতে আইনজীবী হিসেবে মামলা পরিচালনার কাজে নূন্যতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।</td></tr>
<tr><td>প্যানেল আইনজীবী:<br>মহামান্য 'হাইকোর্ট বিভাগ' ও 'আপিল বিভাগ'<br>(পদসংখ্যা- ২জন)</td><td>১। বাংলাদেশ বার কাউন্সিল-এর সদস্যভুক্তির বয়স নূন্যতম ১৫ (পনের) বছর হতে হবে।<br>২। 'সুপ্রিম কোর্ট বার অ্যাসোসিয়েশন'-এর সদস্য এবং মহামান্য আপিল বিভাগের তালিকাভুক্ত আইনজীবী হওয়া আবশ্যক।<br>৩। মহামান্য হাইকোর্ট বিভাগে বা আপিল বিভাগে বা উভয় বিভাগে যৌথভাবে আইনজীবী হিসেবে মামলা পরিচালনায় নূন্যতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।</td></tr>
</table>

**<u>আবেদনের প্রযোজ্য শর্তাবলী:</u>**

০১। আবেদনকরীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে;

সকল পর্যায়ে শিক্ষাগত যোগ্যতার সনদ সরকার কর্তৃক অনুমোদিত স্কুল/ ইনস্টিটিউট/ কলেজ/ বোর্ড/ বিশ্ববিদ্যালয় হতে হবে। বিদেশী কলেজ/ বোর্ড বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণায়/ ইউজিসি হতে সমতুল্য সনদের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

বাংলাদেশ বার কাউন্সিল-এর সদস্য হতে হবে এবং সংশ্লিষ্ট বারের সদস্যভুক্তিরতারিখ হতে অভিজ্ঞতার সময়কাল বিবেচনা করা হবে।

। প্যানেল আইনজীবীগনের কার্যপরিধি ও সম্মানি কোম্পানির ওয়েবসাইটে (https://bscl.portal.gov.bd)-এ পাওয়া যাবে। পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৫। আগ্রহী প্রার্থীগণ নির্ধারিত যোগ্যতা পূরণ সাপেক্ষে উভয় পদে আবেদন করতে পারবেন।

০৬। বিএসসিএল-এর বিরূদ্ধে চলমান কোন মামলায় আবেদনকারী ইতোমধ্যে প্রতিদ্বন্দ্বিতা করে থাকলে তিনি নিয়োগপ্রাপ্তির অযোগ্য বলে বিবেচিত হবেন;

। আবেদন ইচ্ছুক প্রার্থীগণকে http://bscl.teletalk.com.bd এই ওয়েবসাইটে নির্দিষ্ট আবেদন ফর্মে আবেদন করতে হবে। আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: ০৯ এপ্রিল ২০২৬ খ্রিঃ, বিকাল ৫:০০ টা।

http://bscl.teletalk.com.bd ওয়েবসাইটে নির্দিষ্ট আবেদন ফর্মে সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায়, আবেদন পরবর্তী সময়ে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অর্ন্তভুক্ত করার সুযোগ নেই।

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ/জাল/মিথ্যা/ভুয়া/প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে। প্রার্থীর পক্ষের কোন প্রকার সুপারিশ/তদবির প্রাথীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) এবং পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য কোম্পানির www.bscl.gov.bd এ পাওয়া যাবে।

নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যাতিরেকে এ নিয়োগ কার্যক্রম/ প্রক্রিয়া আংশিক বা সম্পূর্ণ পরির্তন, বাতিল এবং প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

প্রার্থীদেরকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার কোন প্রকার (ভ্রমণ ভাতা)/ (দৈনিক ভাতা) প্রদান করা হবে না।

প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগপ্রাপ্ত আইনজীবীকে কোম্পানির মামলা-সংক্রান্ত কার্যক্রম পরিচালনার প্রয়োজনে বাংলাদেশের যেকোনো জেলার সংশ্লিষ্ট আদালতে উপস্থিত হয়ে মামলা পরিচালনা করতে হতে পারে।

**<u>অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:</u>**

*আগ্রহী প্রার্থীগণকে http://bscl.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:*

*(অ) Online- এ আবেদনপত্র পূরণের শুরুর তারিখ ও সময়: ১০ মার্চ ২০২৬ খ্রিঃ, সকাল ১০:০০ টা।*

*(আ) Online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়:০৯ এপ্রিল ২০২৬ খ্রিঃ, বিকাল ৫:০০ টা।*

*। Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ Pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।*

*। Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদন পত্র Submit করা করার পূর্বেই কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে আবেদনকারী শতভাগ নিশ্চিত হয়েSubmit করবেন এবং Applicant's Copy পাবেন।*

*। Online আবেদনপত্রে পূরনকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে৷ আবেদনকারী Applicant's Copy download পূর্বক রঙিন প্রিন্ট করে পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।*

*চ। SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:*

*Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে প্রতি পদের জন্য আবেদন ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/-টাকাসহ মোট ৫৬/-(ছাপান্ন) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"*

*প্রথম SMS: BSCL User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।*

*প্রথম SMS: BSCLUser ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।*

*Example: BSCL ABCDEF & send to 16222*

*Reply: Applicant's Name, TK-56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BSCL YesPIN and send to 16222.*

*দ্বিতীয় SMS: BSCL Yes PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।*

*Example: BSCL Yes 12345678*

*Reply: Congratulations! Applicant's Name, Payment completed successfully for BSCL Application for (post name) User ID is (ABCDEF) and password.*

*ছ। শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্নিতSMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।*

*(অ) User ID জানা থাকলে BSCLHelpUserUser ID, Send to 16222.*

*Example: BSCL Help User ABCDEF & send to 16222*


*) Pin Number জানা থাকলে BSCLHelpPINPIN No & Send to 16222.*

*Example: BSCL Help PIN 12345678 & send to 16222*

*জ। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তিতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/ কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি পরীক্ষা/ সাক্ষাৎকার অংশগ্রহণের সময়ে অবশ্যই প্রদর্শন করবেন*

*ঝ। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bscl.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে।*

*Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা/ সাক্ষাৎকার সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।*



০৯-০৩-২০২৬

বখতিয়ার আহমেদ রাজিব
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ০২৪১০৩০০৯২
ইমেইল : company.secretary@bscl.gov.bd www.facebook.com/bcsclbd

সাধারণ বিজ্ঞপ্তি আকারে, প্রকাশ করা হবে।